দৈনিক ইত্তেফাক

# স্বরূপকাঠিতে এসএসসি পরীক্ষার দায়িত্ব থেকে ১০ শিক্ষককে অব্যাহতি

■ **স্বরূপকাঠি (পিরোজপুর) সংবাদদাতা**

স্বরূপকাঠিতে চলতি এসএসসি পরীক্ষায় অনিয়মের অভিযোগে দুটি কেন্দ্রে ১০ শিক্ষককে অব্যাহতি দেয়া হয়েছে। গত রবিবার সহকারী কমিশনার মো. বশির আহমেদ সুটিয়াকাঠি ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্র এবং এগারোগ্রাম সম্মিলনী বিদ্যালয় ভেন্যু কেন্দ্রে পরিদর্শনে যান।

এ সময় বিভিন্ন কক্ষে পরিদর্শকের দায়িত্ব পালনে অবহেলা দেখতে পেয়ে সুটিয়াকাঠি বিদ্যালয় কেন্দ্রে সহকারী শিক্ষক গোলাম মোস্তফা, মো. মিজানুর রহমান, মো. আহসানউল্লাহ, মো. হান্নান মিয়া, মো. রেজাউল করিম, মো. মশিউর রহমান স্বপন, সাইফুল ইসলাম, মো. মিজানুর রহমান তালুকদার এবং এগারোগ্রাম বিদ্যালয় ভেন্যু কেন্দ্রে সহকারী শিক্ষক তিমির মজুমদার ও কিশোর মৃধাকে পরীক্ষা সংক্রান্ত সকল দায়িত্ব থেকে অব্যাহতি দেয়ার জন্য কেন্দ্র সচিবদের নির্দেশ দেন।